প্রথম আলো

তারিখ 21 SEP 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে চীন-বাংলাদেশ গবেষণা কেন্দ্র

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'সেন্টার ফর চায়নিজ অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ' নামে নতুন একটি গবেষণাকেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ও চীনের ইউনান বিশ্ববিদ্যালয় যৌথভাবে এই গবেষণাকেন্দ্র চালু করেছে।

গতকাল বুধবার এই গবেষণাকেন্দ্রের প্রতিষ্ঠাফলক উন্মোচন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আখতারুজ্জামান ও ইউনান বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট লিন ওয়েনশান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দপ্তরসংলগ্ন লাউঞ্জে অনুষ্ঠান করে এই ফলক উন্মোচন করা হয়।

এর আগে এক বৈঠকে দুই বিশ্ববিদ্যালয়ের প্রশাসকেরা এই গবেষণাকেন্দ্রের কার্যক্রম নিয়ে আলোচনা করেন। শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে 'সাউথ এশিয়া অ্যান্ড সাউথ ইস্ট এশিয়া ইউনিভার্সিটি অ্যালায়েন্স' গঠনের সম্ভাব্যতা নিয়ে মতবিনিময় করেন তাঁরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'চীন-বাংলাদেশ শিল্প ও সংস্কৃতি বিনিময় কেন্দ্র' প্রতিষ্ঠার বিষয়েও আলোচনা হয় বৈঠকে।